আইইডিসিআর’র ৪ কর্মী করোনা আক্রান্ত, ‘সব কর্মকর্তা কোয়ারেন্টিনে’

রোগতত্ত্ব, নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) চার জন কর্মী করোনা আক্রান্ত হয়েছেন। এই চারজনই ল্যাব টেকনোলজিস্ট। এ তথ্য মানবজমিনকে নিশ্চিত করেছেন প্রতিষ্ঠানটির প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এস এম আলমগীর।

তিনি জানান, চারজনের করোনা ধরা পড়ার পর অন্যদের পরীক্ষা করা হয়েছে।

আর কারও ধরা পড়েনি। তবে আমরা সবাই সেলফ কোয়ারেন্টিনে আছি। অন্য ভবন থেকে কাজ চালিয়ে নিচ্ছি। আক্রান্ত চারজনকে মহাখালীর সংক্রামকব্যাধি হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে।

দেশের করোনা আক্রান্ত রোগীদের নমুনা শুরুতে শুধু আইইডিসিআরেই পরীক্ষা হতো। শুরুর দিকে অনেকে সশরীরে হাজির হয়ে সেখানে নমুনা দিয়ে যান। পরে অবশ্য সারা দেশে পরীক্ষাগার স্থাপন করা হয়েছে। সূত্র-মানবজমিন

ত্রাণ দেওয়ার নামে দরিদ্র অসহায় মানুষের সাথে প্রতারণা করলেন ইবি প্রশাসন

ত্রাণ দেওয়ার নামে দরিদ্র অসহায় মানুষের সাথে প্রতারণা করলেন কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) প্রশাসন।

জানা যায়, ক্যাম্পাসে থাকা বিভিন্ন ভ্যানচালক, বাদাম বিক্রেতা, শসা বিক্রেতা, ঝালমুড়ি, ফুচকা চটপটি বিক্রেতাসহ কর্মহীন হয়ে পড়া

করোনাভাইরাসে যুক্তরাষ্ট্রে ১২৭ বাংলাদেশির মৃত্যু

বিশ্বব্যাপী করোনাভাইরাস মহামারীতে যুক্তরাষ্ট্র বিপর্যয়কর পরিস্থিতিতে রয়েছে। এর মধ্যে নিউইয়র্ক যেন মৃত্যুপুরীতে পরিণত হয়েছে। পার্শ্ববর্তী রাজ্য নিউজার্সির অবস্থাও শোচনীয়। বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত তথ্যানুযায়ী, যুক্তরাষ্ট্রে ১৩ এপ্রিল রাত পর্যন্ত আরও ছয় বাংলাদেশির মৃত্যু হয়েছে। এ নিয়ে করোনায় আক্রান্ত হয়ে যুক্তরাষ্ট্রে ১২৭ জন বাংলাদেশির মৃত্যুর খবর পাওয়া গেছে।

করোনায় আক্রান্ত হয়ে মৃত্যু হওয়া সর্বশেষ ছয় বাংলাদেশি হলেন বেদান্ত অ্যাসোসিয়েশন অব নিউইয়র্কের সভাপতি ঝন্টু সরকার, জ্যামাইকা ফ্রেন্ডস সোসাইটির সাবেক সভাপতি মুক্তিযোদ্ধা মনির হোসেনের স্ত্রী পেয়ারা হোসেন বেবী, নরসিংদী জেলা জাতীয় পার্টি সাধারণ সম্পাদক হাবিবুর রহমান ভূঁইয়ার বড় বোন হাসনা বেগম, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সহসভাপতি সমিরুল ইসলাম বাবলুর বাবা শফিকুর রহমান এবং মানিক মিয়া ও মোহাম্মদ খোকন (৫৪)।

এদিকে নিউজার্সির গভর্নর বলেছেন, যুক্তরাষ্ট্রের ইতিহাসের দুই বেদনার যুদ্ধ ভিয়েতনাম ও কোরিয়ান যুদ্ধে মারা যাওয়া রাজ্যের লোকসংখ্যাকে ছাড়িয়ে গেছে করোনা মহামারী। ১৩ এপ্রিল পর্যন্ত রাজ্যে প্রায় আড়াই হাজার মানুষের মৃত্যু হয়েছে।

এদিকে নিউইয়র্কে বাংলাদেশিদের লাশ গণকবরে দেওয়া হচ্ছে না বলে সাংবাদিকদের জানিয়েছেন বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহসভাপতি আবদুর রহিম হাওলাদার। তিনি বলেন, যদি কোনো বাংলাদেশির লাশ কোনো হাসপাতালে থাকে এবং কেউ দায় না নেয়, তাহলে বাংলাদেশ সোসাইটির সঙ্গে যোগাযোগ করার অনুরোধ করছি। যুগান্তর

গাংনীতে সরকারি আর্দেশ উপেক্ষা করে রড-সিমেন্টের দোকান খোলা

মেহেরপুরের গাংনী বাজারের বড় বড় ব্যবসায়ীরা সরকারি লকডাউন মেনে দোকান বন্ধ করে বাড়িতে রয়েছে। সেখানে সরকারি নির্দেশ উপেক্ষা করে গাংনী বাজারের মেসার্স ট্রেডার্স হার্ডওয়ারের মালিক নাসির উদ্দিন প্রতিদিন দোকান খুলে লকডাউনের মধ্যেই চুটিয়ে ব্যবসা করছেন। ফলে অন্য ব্যবসায়ীদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

প্রশাসনের “কঠোর অবস্থানের” কার্যকারিতা নিয়েও প্রশ্ন তুলেছেন অনেকে। যশোর, ঢাকা ও চট্ট্রগ্রাম জেলা থেকে ট্রাকের মাধ্যমে টন টন রড আসছে গাংনীতে। সেই সাথে আসছে বাহিরে কর্মরত মানুষ। যার ফলে করোনা ভাইরাস সংক্রমনের আশংকা রয়েছে। সেই রড খোলা বাজারে ক্রেতাদের কাছে বিক্রয় করছে ব্যবসায়ী নাসির উদ্দিন।

কেবল রডই নয়, ইট, সিমেন্ট, টিন, লোহালক্কড় এমনকি টাইলস সহ বহু পণ্যের দোকানও গোপনে খোলা রয়েছে গাংনীতে। মেহেরপুরের গাংনী বাজারের কুষ্টিয়া-মেহেরপুর মহাসড়কের পাশে বসুন্ধরা পাড়া সংলগ্ন এলাকায় লকডাউন ঘোষণার পর থেকে দোকান খুলে রড সিমেন্ট বিক্রয় করছে মেসার্স ব্রাদার্স ট্রেডার্স হার্ডওয়ার এর মালিক নাসির উদ্দিন।

বেসামরিক প্রশাসনের সহায়তায় সেনাবাহিনীর টহল, পুলিশের তৎপরতা সর্বোপরি সরকারি নিষেধাজ্ঞা, সবকিছু উপেক্ষা করেই এক রকম বিনা বাধায় রমরমা ব্যবসা করে আসছেন নাসির উদ্দিন। প্রকাশ্যে রড, সিমেন্ট, বিক্রি করলেও লকডাউনের অজুহাতে এসব পণ্যের দামও রাখছেন বাড়তি।

নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় গাংনী বাজারের কয়েকজন রড ব্যবসায়ী জানান, আমরা সরকারি নির্দেশ মোতাবেক দোকান বন্ধ করে বাড়িতে বসে আছি। লকডাউন যেন আমাদের ওপরই এককভাবে চাপিয়ে দেয়া হয়েছে। সরকারি নির্দেশ মেনে আমরা ঘরে আছি। অথচ গাংনী বাজারের ব্রাদার্স ট্রেডার্সের মালিক নাসির উদ্দিন সরকারি নির্দেশ উপেক্ষা করে প্রতিদিন দোকান খোলা রেখে একা ব্যবসা বাণিজ্য করছেন। তার বিষয়ে প্রশাসন একেবারে নিরব।

সম্প্রতি স্থানীয় প্রশাসন এক প্রজ্ঞাপন জারি করে চাল, ডাল,

কাঁচামালের মতো জরুরি নিত্য পণ্যের দোকান সকাল ৭টা থেকে ১০টা পর্যন্ত খোলা রাখার আদেশ দেয়। সমালোচনার মুখে সেই সময় সীমা আরো দুই ঘণ্টা বাড়ানো হলেও লকডাউনের এ পরিস্থিতিতে রড সিমেন্টের ব্যবসা কি করে চলে। প্রশাসনের পদক্ষেপ নিয়েও প্রশ্ন তোলেন স্থানীয়রা।

এব্যাপারে মেসার্স ব্রাদার্স ট্রেডার্সের মালিক নাসির উদ্দিন বলেন, আমার দোকানে তিনজন লেবার রয়েছে। ব্যবসা না করলে তাদের বেতন দেবো কী করে? অন্য দোকান বন্ধ রয়েছে এমন সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, গোপনে তারাও ব্যবসা করছে। আমার দোকানের সামনে দিয়ে প্রতিদিন প্রশাসন চলাফেরা করে আমাকে কেউ নিষেধ করেনি। আপনারা সাংবাদিক ছবি তুলছেন কেন।

এব্যাপারে গাংনী থানার (ওসি) ওবাইদুর রহমান জানান, কেউ যদি সরকারি নির্দেশ উপেক্ষা করে গাংনী বাজারে দোকান খোলা রাখে তার বিরুদ্ধে তদন্ত পূবক আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানান, তিনি ।

এব্যাপারে গাংনী উপজেলা নির্বাহী অফির্সার দিলারা রহমান বলেন, গাংনী উপজেলার সকল ব্যবসায়ীদের সরকারি নিদের্শ মোতাবেক লকডাউন ঘোষণা করা হয়েছে। কেউ যদি সরকারি নির্দেশ উপেক্ষা করে দোকান খোলা রাখে তাহলে তদন্ত পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

আলমডাঙ্গায় সরকারী আদেশ অমান্য করায় ২ জনকে জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমান আদালত অভিযান চালিয়ে ২ জনকে ২ হাজার ৫’শ টাকা জরিমানা করেছে।

শহরের হাইরোডে টুম্পার মামুন বেকারীতে ও গোবিন্দপুরে সরকারী আদেশ অমান্য করে বাড়িতে রাজ মিস্ত্রি দিয়ে কাজ করানোর অপরাধে তাদের উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোহাঃ হুমায়ন কবীর ভ্রাম্যমান আদালত পরিচালনা করে জরিমানা আদায় করেন।

জানাগেছে, আলমডাঙ্গা শহরের হাইরোডে টুম্পার বেকারীতে অস্বাস্থ্যকর পরিবেশে বিস্কুট, পাউরুটি, কেক তৈরী করে্।

এ দিকে আজ মঙ্গলবার উপজেলা সহকারী কমিশনার ভূমি মোঃ হুমায়ন কবীর ভ্রাম্যমান আদালত পরিচালনা কালে ট্রম্পার মামুন বেকারীকে অভিযান চালনায়।

এসময় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য তৈরীর অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষন আইন ২০০৯ এর ৫০ ধারা লঙ্ঘন করায় ২ হাজার টাকা জরিমানা করেন। এছাড়ার শহরের গোবিন্দপুর গ্রামে সরকারি নির্দেশ অমান্য করে মৃত ইব্রাহিম আলীর ছেলে আব্দুল মজিদ বাড়িতে রাজমিস্ত্রেরী দিয়ে কাজ করানোর অপরাধে দন্ডবিধি ২৬৯ ধারায় ৫’শ টাকা জরিমানা করেন।

কুষ্টিয়ায় তাঁতীলীগের উদ্যোগে খাদ্যসামগ্রী বিতরণ

কুষ্টিয়ায় কর্মহীন, অসহায় গরীব মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

তাঁতীলীগ কুষ্টিয়া জেলা শাখার আহবায়ক ও মানবাধিকার কল্যাণ ট্রাস্ট কুষ্টিয়া জেলা শাখার সভাপতি রুহুল আমিনের ব্যাক্তিগত উদ্যোগে মঙ্গলবার সকালে সদর উপজেলা সড়কে এসব বিতরণ করা হয়।

তাঁতীলীগ কুষ্টিয়া জেলা শাখার আহবায়ক ও মানবাধিকার কল্যাণ ট্রাস্ট কুষ্টিয়া জেলা শাখার সভাপতি রুহুল আমিন বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে মানুষকে ঘরের মধ্যে কাটাতে হচ্ছে।

তাই কর্মহীন হয়ে পড়েছে খেটে-খাওয়া দিনমজুর এসব মানুষগুলো। তাই সামাজিক দায়বদ্ধতা থেকে আনরা জেলা শাখার উদ্যোগে এসব কর্মহীন মানুষের মাঝে একটু সহযোগিতার হাত বাড়িয়ে দিতে চেষ্টা করে যাচ্ছি। এভাবে অসহায় দিনমজুরদের পাশে সহযোগিতার জন্য সমাজের বিত্তশালীসহ জনপ্রতিনিধিদের এগিয়ে আসার আহবানও জানান তিনি।

এসময় তাঁতীলীগ কুষ্টিয়া জেলা শাখার সদস্য সচিব হারুন-অর-রশিদ, যুগ্ন-আহ্বায়ক বিপ্লব হোসেন বিপুল, সদর উপজেলা শাখার সদস্য সচিব মেজবাহুর রহমান লিগার, দৈনিক সময়ের কাগজের বার্তা সম্পাদক নুরুন্নবী বাবুসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এখন পর্যন্ত মেহেরপুর করোনা মুক্ত

মেহেরপুরে মোট ১৭৪ জনের নমুনা পাঠানো হয়েছিল আইডিসিআর এ।

আজ মঙ্গবার ১৪ জনের রিপোর্ট এসেছে এদের মধ্যে সবাই করোনা নেগেটিভ।

এর আগে ৪৬ জনের রিপোর্ট এসেছিল মেহেরপুর জেলায় মোট ৬০ জনের করোনা রিপোর্ট এসেছে এদের প্রত্যেকের করোনা নেগেটিভ।

মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, মেহেরপুর এখন পর্যন্ত করোনা মুক্ত আছে।

করোনাভাইরাস: চীনের চেয়ে ৭ গুণেরও বেশি আক্রান্ত ও মৃত্যু আমেরিকায়

প্রাণঘাতী করোনাভাইরাসে বিষাক্ত ছোবলে বিপর্যস্ত হয়ে পড়েছে গোটা বিশ্ব। এখন পর্যন্ত বিশ্বের ২১০টি দেশ ও অঞ্চল প্রাণঘাতী এই ভাইরাসের আক্রমণের শিকার হয়েছে। এতে বিশ্বব্যাপী ১৯ লাখ ২৪ হাজার ৬ শতাধিক মানুষ। আর মৃত্যু হয়েছে ১ লাখ ১৯ হাজার ৬৯২ জনের।

প্রতি মুহূর্তেই এই সংখ্যা বাড়ছে।

প্রাণঘাতী এই ভাইরাসের তাণ্ডবে সবচেয়ে বেশি কোণঠাসা হয়ে পড়েছে যুক্তরাষ্ট্র। এখন পর্যন্ত দেশটিতে মোট আক্রান্ত ৫ লাখ ৮৬ হাজার ৯ শতাধিক মানুষ। এর মধ্যে প্রাণ গেছে অন্তত ২৩ হাজার ৬৪০ জনের।

অন্যদিকে উহান শহর থেকে করোনাভাইরাস সারাবিশ্বে ছড়িয়ে গেলেও চীন দেশে এখন পর্যন্ত আক্রান্তের সংখ্যা ৮২ হাজার ২৪৯ জন।
সে দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মারা গেছে তিন হাজার ৩৪১ জন। সেই হিসেবে যুক্তরাষ্ট্রে মারা গেছে চীনের তুলনায় ৭ গুণেরও বেশি মানুষ। একইভাবে যুক্তরাষ্ট্রে করোনাভাইরাসে আক্রান্ত হিসেবে শনাক্ত হওয়ার সংখ্যাও চীনের তুলনায় ৭গুণেরও বেশি।

এছাড়া চীনে বর্তমানে আক্রান্ত অবস্থায় আছে মোট ১৭৭০ জন। অন্যদিকে যুক্তরাষ্ট্রে চিকিৎসাধীন রোগীর সংখ্যা পাঁচ লাখ ২৬ হাজার ৩৫৩ জন।

চীনে গুরুতর রোগীর সংখ্যা মাত্র ১১৬ জন এবং যুক্তরাষ্ট্রে গুরুতর অবস্থায় আছে ১২ হাজার সা৭১২ জন।

চীনে আক্রান্তদের মধ্যে ৭৭ হাজার ৭৩৮ জনই সুস্থ হয়েছে। তবে যুক্তরাষ্ট্রে এখন পর্যন্ত সুস্থ হয়ে বাড়ি ফিরতে পেরেছে ৩৬ হাজার ৯৪৮ জন। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

গাংনীর কাথুলী ইউপির উদ্যোগে খাবার সামগ্রী ও নগদ অর্থ সহায়তা

করোনা ভাইরাস মোকাবেলায় মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের উদ্যোগে অসহায় কর্মহীন মানুয়ের মাঝে খাবার সামগ্রী ও নগদ অর্থ সহায়তা প্রদান করা হয়েছে।

গতকাল সোমবার ইউনিয়ন কার্যালয়ে সকল ওয়ার্ডের ৪৩৫ টি পরিবারের

মাঝে নগদ অর্থ ও খাদ্য সহায়তা প্রদান করেন ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

এসময় ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা বলেন, করোনা ভাইরাস মোকাবেলায় কর্মহীন খেটে খাওয়া মানুষের যে সমস্যা হচ্ছে তাতে তারা অসহায় হয়ে পড়েছে। এই করোনা ভাইরাস সম্পর্কে আপনার সকলে সচেতন থাকবেন। সরকারি নিয়ম কানুন মেনে চলবেন। নিজ নিজ ঘরে অবস্থান করুন।

কুষ্টিয়ায় ইবি ছাত্রলীগের ৮০মণ ফ্রি সবজি বিতরণ

সাধারন ছুটিতে আয় বন্ধ হয়ে মানবেতর জীবন যাপন করা দিনমুজুর, শ্রমিক ও নিন্মআয়ের মানুষের মাঝে ফ্রি সবজি বিতরণ করেছে ইবি ছাত্রলীগের নেতা-কর্মীরা।

গতকাল সোমবার সকাল ১১টায় কুষ্টিয়া শহরের ছয় রাস্তার মোড়ে ইবি ছাত্রলীগ নেতা মিজানুর রহমান লালন ও ফয়সাল সিদ্দিক আরাফাতের নেতৃত্বে একদল কর্মী ভ্রাম্যমাণ ফ্রি সবজী বিতরণ কর্মসূচীতে যোগদেন।

তারা সেখানে সামাজিক দুরুত্ব মেনে সাধারণ মানুষের হাতে নানা পদের সবজি তুলে দেন। ছয়রাস্তার মোড়ে সবজি বিতরণ শেষে মজমপুর গেটে সবজি ভ্যান নিয়ে আসা হয়। সেখানেও সবজি সংগ্রহ করে সাধারণ লোকজন। সর্বশেষ হাসপাতাল মোড়ে সবজি বিতরণ করা হয় লোকজনের মাঝে।

সবজির মধ্যে ছিল লাউ, লাল শাক, মিষ্টি কমুড়া ও বাধাকপি। কয়েক হাজার মানুষের মাঝে প্রায় ৮০ মন সবজি বিতরণ করেন ছাত্রলীগের নেতা-কর্মীরা।

এ বিষয়ে ইবি শাখা ছাত্রলীগের সাবেক ছাত্র বিষয়ক সম্পাদক মিজানুর রহমান লালন বলেন, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে মানুষকে নিরাপদ রাখার